MAR. 25 2001

ভোরের কাগজ

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

## ধর্মীয় শিক্ষক নিয়োগ প্রসঙ্গে

সম্প্রতি বিভিন্ন পত্রিকার চিঠিপত্র কলামে নহুষ চন্দ্র হাজং শ্রীপুর, কার্ত্তিকপুর, ধর্মশালা, সুনামগঞ্জ থেকে আক্ষেপ করে লিখেছেন, 'স্বাধীনতার পর অদ্যাবধি সরকারি উচ্চ বিদ্যালয়গুলোতে হিন্দু ধর্মীয় শিক্ষক নিয়োগ করা হয়নি। অথচ ১৯৯১, ১৯৯২, ১৯৯৪, ১৯৯৬ ও ১৯৯৯ সালে পাঁচ দফায় ইসলাম ধর্মের প্রায় ১ হাজার শিক্ষক নিয়োগ প্রক্রিয়া চলছে। ১৯৯১ ও ১৯৯২ সালে স্বল্পসংখ্যক বৌদ্ধ ধর্মের শিক্ষক নিয়োগ দেওয়া হয়েছে। অথচ দেশের অন্যতম সংখ্যালঘু (হিন্দু) সম্প্রদায়ের ধর্মীয় শিক্ষক নিয়োগ দেওয়ার ব্যাপারে উদ্যোগ পরিলক্ষিত হচ্ছে না। ১৯৯৮ সালে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক শিক্ষা অধিদপ্তরকে হিন্দু ধর্মীয় শিক্ষক নিয়োগের প্রক্রিয়া শুরু করার নির্দেশ দেওয়া হয়। কিন্তু অদ্যাবধি সেই নির্দেশ কার্যকর হয়নি। এমতাবস্থায় বিষিয়টির প্রতি সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

এ প্রসঙ্গে সদাশয় সরকার ও তার প্রাধানমন্ত্রীর কাছে অনুরোধ– বাংলাদেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানেই সংখ্যালঘু হিন্দু সম্প্রদায়ের ধর্মীয় শিক্ষা (সংস্কৃতসহ) দানের নিমিত্ত সরকারি বেতন স্কেলে পণ্ডিতের আশু নিয়োগের ব্যবস্থা করে দেশের হিন্দু জনগোষ্ঠীর আবহমানকালের চাহিদা পূরণ করার অনুরোধ জানাই। শুধু মুখে নয়, বাস্তবেও এর প্রতিফলন দেখতে চাই।

সুরেন্দ্রনাথ রায়
এডভোকেট
জজ কোর্ট, ফরিদপুর।